

PRINT

সমকালী

কেন্দ্র সচিবের ভুলে ভিন্ন প্রশ্নে পরীক্ষা

১০ ঘণ্টা আগে

বাষা (রাজশাহী) প্রতিনিধি

রাজশাহীর বাঘায় কেন্দ্র সচিবের ভুলে ১২৯ জন এসএসসি পরীক্ষার্থী তাদের ফল নিয়ে দুশ্চিন্তায় পড়েছে। বোর্ড অনুমোদিত প্রশ্ন সেটে পরীক্ষা না নিয়ে অন্য এক সেটে প্রশ্নের পরীক্ষা নেওয়ার ফলে দুশ্চিন্তায় পড়েছে ওইসব পরীক্ষার্থী। রোববার বিষয়টি জানাজান হলে ফল নিয়ে হতাশায় পড়ে তারা।

জানা যায়, গত ১৯ ফেব্রুয়ারি বাঘা উপজেলার আড়ানী ফুলমননেছা বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে জীববিজ্ঞান (সংজনশীল) পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজশাহী শিক্ষা বোর্ড জবা 'ক' সেটের পরীক্ষা নেওয়ার নির্দেশ দেয়; কিন্তু কেন্দ্র সচিব সিরাজুল ইসলাম নির্দেশিত সেট সংগ্রহ না করে গাঁদা 'খ' সেট প্রশ্ন সংগ্রহ করে পরীক্ষা নেন।

আড়ানী মনোমোহিনী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী ও আড়ানী ফুলমননেছা বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের ছাত্র মাহামুদুল হক, সুদেসনা দাস ও সুবর্ণা দাস বলে, আগে আমরা বিষয়টি জানতাম না। ১১ মার্চ এ ঘটনা জেনেছি। পরীক্ষা ভালো হলেও এখন ফল নিয়ে দুশ্চিন্তায় পড়েছি।

আড়ানী মনোমোহিনী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সঞ্জয় কুমার দাস বলেন, ঘটনাটি জানার পর আমার বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ফল নিয়ে আমিও দুশ্চিন্তায় পড়েছি। কী হবে বুঝাতে পারছি না।

আড়ানী ফুলমননেছা বালিকা উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক ও কেন্দ্র সচিব সিরাজুল ইসলাম বলেন, বিষয়টি জানার পর রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে অবগত করেছি। দুই সেট প্রশ্ন আড়ানী জনতা ব্যাংককে সংরক্ষিত ছিল। জীববিজ্ঞান (সংজনশীল) দেখে প্রশ্ন এনে পরীক্ষা নিয়েছি। পরে দেখি, 'ক' সেট প্রশ্নের পরীক্ষা নেওয়ার নির্দেশনা ছিল। কিন্তু 'খ' সেট প্রশ্নে পরীক্ষা নেওয়া হয়েছে। এটি আমার ভুল হয়ে গেছে।

রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. আনারুল হক প্রামাণিক বলেন, সোমবার কেন্দ্র সচিবকে বোর্ডে এসে কারণ দর্শানোর জন্য নির্দেশ দিয়েছি। সঠিক জবাব দিতে না পারলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষার্থীর বিষয়ে বোর্ড চিন্তা করবে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১১১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com